ডিবিএর নতুন প্রেসিডেন্ট শাকিল রিজভী

ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্রোকারস অ্যাসোসিয়েশনের (ডিবিএ) সভাপতি নির্বাচিত হয়েছেন মো. শাকিল রিজভী। রোববার চতুর্থ বার্ষিক সাধারণ সভার (এজিএম) পর এক্সচেঞ্জের সদস্য শরীফ আনোয়ার হোসেনকে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে পুনর্নির্বাচিত এবং রিচার্ড ডি রোজারিওকে ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত করেন ডিবিএর নতুন পরিচালকরা। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিবিএ কর্তৃপক্ষ জানায়, বিনা প্রতিদ্বন্দ্বিতায় পরবর্তী দুই বছরের জন্য দেশের শীর্ষ স্টক ব্রোকারদের প্রতিনিধি নির্বাচিত হয়েছেন তারা। শাকিল রিজভী স্টক লিমিটেড, শাকিল রিজভী অ্যাসেট লিমিটেড ও শাকিল রিজভী ফ্যাশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) শাকিল রিজভী দেশের পুঁজিবাজারে একজন সুপরিচিত ব্যক্তিত্ব। ১৯৮৭ সাল থেকে তিনি বাজারের সঙ্গে যুক্ত। একটি সুষম, দায়বদ্ধ, স্বচ্ছ ও আধুনিক স্টক এক্সচেঞ্জ গড়তে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। বিভিন্ন মেয়াদে ডিএসইর প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট ও পর্ষদ সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। ২০০২ ও ২০০৩ সালে তিনি ডিএসই ট্রেকহোল্ডারস ক্লাবেরও (সাবেক মেম্বারস ক্লাব) প্রেসিডেন্ট ছিলেন।http://bonikbarta.net

অনুমোদিত মূলধন ১০ হাজার কোটি টাকা করবে পাওয়ার গ্রিড

সরকারের বিদ্যুৎ সঞ্চালন কোম্পানি পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) তাদের অনুমোদিত মূলধন বাড়িয়ে ১০ হাজার কোটি টাকায় উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে। বর্তমানে ১ হাজার কোটি টাকা অনুমোদিত মূলধনের বিপরীতে কোম্পানিটির পরিশোধিত মূলধন রয়েছে ৪৬০ কোটি ৯১ লাখ ৩০ হাজার টাকা। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে। মূলধন বাড়ানোর এ সিদ্ধান্ত কার্যকর করার জন্য কোম্পানির সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন করতে হবে। আবার এ সংশোধনের জন্য সাধারণ শেয়ারহোল্ডারদের সম্মতি এবং নিয়ন্ত্রক সংস্থার অনুমোদন প্রয়োজন হবে। পরবর্তী সাধারণ সভায় সংঘস্মারক ও সংঘবিধি সংশোধনের প্রস্তাব উপস্থাপন করা হবে।৩০ জুন সমাপ্ত ২০১৮ হিসাব বছরের জন্য ১৭ শতাংশ নগদ লভ্যাংশ সুপারিশ করেছে পাওয়ার গ্রিড। সমাপ্ত হিসাব বছরে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৪ টাকা ৭৩ পয়সা ও শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) ১০৮ টাকা ১২ পয়সা। আগামী ১৯ জানুয়ারি আবদুল গণি রোডের বিদ্যুৎ ভবন, মুক্তি হলে কোম্পানিটির বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে। এ-সংক্রান্ত রেকর্ড ডেট ছিল গতকাল ২৬ নভেম্বর। ফলে এদিন বন্ধ থাকবে শেয়ারটির লেনদেন।http://bonikbarta.net

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি : পোশাক শ্রমিকের নিম্নতম মোট মজুরি ৮ হাজার টাকা চূড়ান্ত

পোশাক শ্রমিকের নিম্নতম মোট মজুরি ৮ হাজার টাকা চূড়ান্ত করেছে সরকার। নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশকৃত খসড়া কাঠামো চূড়ান্ত করে গত রোববার প্রজ্ঞাপন জারি করেছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।প্রজ্ঞাপন অনুযায়ী, পোশাক শ্রমিকদের নিম্নতম গ্রেডে ৪ হাজার ১০০ টাকা মূল মজুরি ধরে নিম্নতম মোট মজুরি ৮ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। মূল মজুরির বাইরে শ্রমিকরা বাড়ি ভাড়া হিসেবে ২ হাজার ৫০ টাকা, চিকিৎসা ভাতা হিসেবে ৬০০ টাকা, যাতায়াত ভাতা হিসেবে ৩৫০ টাকা ও খাদ্য ভাতা হিসেবে

৯০০ টাকা পাবেন৷ সব মিলিয়ে নিম্নতম গ্রেডের শ্রমিকরা মজুরি পাবেন ৮ হাজার টাকা৷ ২০১৩ সালে নির্ধারিত নিম্নতম মোট মজুরি ৫ হাজার ৩০০ টাকার চেয়ে তা ৫১ শতাংশ বেশি৷ নতুন কাঠামোয় শিক্ষানবিশ শ্রমিকের মোট মজুরি নির্ধারণ করা হয়েছে ৫ হাজার ৯৭৫ টাকা। প্রজ্ঞাপন অনুযায়ী, ১০ হাজার ৪৩৬ টাকা মূল মজুরি ধরে গ্রেড ১-এর শ্রমিকদের মোট মজুরি নির্ধারণ করা হয়েছে ১৭ হাজার ৫০৪ টাকা৷ গ্রেড ২-এর শ্রমিকদের ক্ষেত্রে মূল মজুরি ৮ হাজার ৫১৪ টাকা আর মোট মজুরি ১৪ হাজার ৬২১ টাকা। http://bonikbarta.net

চীন-যুক্তরাষ্ট্র বাণিজ্যযুদ্ধের সুবিধা পাচ্ছে ভারত

বিশ্বের বৃহত্তম দুই অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে বাণিজ্য বিবাদ বলা যায় ভারতের জন্য আশীর্বাদ হয়ে উঠেছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে শুল্কযুদ্ধে আকর্ষণ হারিয়ে ফেলেছে বেইজিংয়ের রফতানি। এ সুযোগটিই গ্রহণ করে আন্তর্জাতিক বাণিজ্যে নিজেদের অবস্থান পোক্ত করতে চাইছে ভারত। যুক্তরাষ্ট্রসহ অন্যান্য বাজারে নিজেদের পণ্য রফতানি বৃদ্ধির দিকে গুরুত্ব দিচ্ছে দেশটি। অন্যদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে দূরত্ব সৃষ্টি হওয়ায় ভারতকে কাছে টানতে চাইছে চীন। খবর ব্লুমবার্গ। ভারতের বাণিজ্যমন্ত্রী সুরেশ প্রভু জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও চীন পরস্পরের আমদানি পণ্যের ওপর পাল্টাপাল্টি শুল্কারোপের পর নয়াদিল্লি গাড়ির যন্ত্রাংশ, রাসায়নিক, বৈদ্যুতিক যন্ত্রপাতির মতো পণ্য রফতানিতে গুরুত্ব দিচ্ছে৷ যদিও আন্তর্জাতিক পণ্য রফতানিতে ভারতের চেয়ে চীনের দখল অনেক বেশি৷ এখানে ভারতের দখল ১ দশমিক ৭ শতাংশ, যেখানে চীন নিয়ন্ত্রণ করছে ১২ দশমিক ৮ শতাংশ।http://bonikbarta.net

ব্রেক্সিট চুক্তি : ২০৩০ নাগাদ বছরে ১৩ হাজার কোটি ডলার হারাবে যুক্তরাজ্য

সরকারের ব্রেক্সিট চুক্তির কারণে ২০৩০ সাল নাগাদ বছরে ১২ হাজার ৮১৮ কোটি ডলার (১০ হাজার কোটি পাউন্ড) হারাতে পারে যুক্তরাজ্য। ন্যাশনাল ইনস্টিটিউট অব ইকোনমিক অ্যান্ড সোস্যাল রিসার্চের (এনআইইএসআর) বিশ্লেষণধর্মী এক গবেষণাপত্রে এমনটাই দাবি করা হয়েছে। খবর বিবিসি।ব্রিটিশ প্রচারণা শিবির পিপলস ভোট এনআইইএসআরকে ব্রেক্সিট পরিস্থিতি বিশ্লেষণের দায়িত্ব দিয়েছে৷ শিবিরটি চূড়ান্ত ব্রেক্সিটের আগে দ্বিতীয় একটি গণভোটের প্রচার চালিয়ে আসছে৷ এনআইইএসআরের গবেষণা অনুসারে, ব্রেক্সিট চুক্তির ফলে যুক্তরাজ্যের জিডিপি বছরে ৩ দশমিক ৯ শতাংশ হারে সংকুচিত হবে, যা ওয়েলশ বা লন্ডন শহরের অর্থনৈতিক উৎপাদন হারানোর সমান। তবে ব্রিটিশ অর্থমন্ত্রী ফিলিপ হ্যামন্ড ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) থেকে যাওয়ার চেয়ে চুক্তিটি ভালো বলে মন্তব্য করেছেন।দীর্ঘ জটিলতা শেষে রোববার ব্রেক্সিট চুক্তিটি অনুমোদন করেছে ইইউ৷ চুক্তিটিতে যুক্তরাজ্যের ইইউ ত্যাগের শর্তাবলি নির্ধারণ করা হয়েছে৷ যার মধ্যে রয়েছে প্রায় ৫ হাজার কোটি ডলারের (৩ হাজার ৯০০ কোটি পাউন্ড) প্রস্থান বিল, নাগরিক অধিকার ও উত্তর আয়ারল্যান্ড সীমান্তসংশ্লিষ্ট পরিকল্পনা, যাতে বাণিজ্য আলোচনা স্থগিত হলেও আইরিশ সীমান্ত খোলা রাখা যায়।http://bonikbarta.net

এলএনজি রফতানিকারকদের তালিকায় যুক্ত হচ্ছে আর্জেন্টিনা

কৃষিপণ্য উৎপাদন ও রফতানির জন্য আর্জেন্টিনার খ্যাতি রয়েছে। গম, ভুট্টা, সয়াবিন থেকে শুরু করে বিভিন্ন ধরনের কৃষিপণ্য রফতানি করে দেশটি। তবে ভৌগোলিকভাবেই খনিজ সম্পদে সমৃদ্ধ আর্জেন্টিনা। দক্ষিণ আমেরিকার দেশগুলোর মধ্যে প্রাকৃতিক গ্যাস মজুদে আর্জেন্টিনার অবস্থান দ্বিতীয়। পণ্যটির উত্তোলন বাড়িয়েছে দেশটি। অভ্যন্তরীণ চাহিদা পূরণের পর জ্বালানি পণ্যটির বাড়তি অংশ তরলীকৃত প্রাকৃতিক গ্যাসে (এলএনজি) রূপান্তর করে রফতানির উদ্যোগ নেয়া হয়েছে। এর মধ্য দিয়ে ২০১৯ সালের মধ্যেই এলএনজি রফতানিকারক দেশগুলোর তালিকায় নাম লেখাতে যাচ্ছে আর্জেন্টিনা। খবর অয়েলপ্রাইসডটকম ও ব্লুমবার্গ। http://bonikbarta.net